

রাজিয়া সুলতানা



লেকচার শীট-১

শ্রেণি- তৃতীয়, বিষয় - বাংলা

অধ্যায়:কুঁজো বুড়ির গল্প

তারিখ:৫.৫.২০২০

❖ গল্পের প্রথম অংশ(এক ছিল -----ব্যবস্থা করে দিচ্ছি) পর্যন্ত রিডিং পড়বে

❖ মূলশব্দ:

কুঁজো বুড়ি



এক কুঁজো বুড়ির তিনটি কুকুর ছিল। একদিন সে ভাবল আমি  
নাতনির বাড়ি বেড়াতে যাবো। তাই সে কুকুরদেরকে বলল বাড়ি  
পাহারা দিতে।



পথে দেখা



বুড়ি নাতনির বাড়ি যাওয়ার পথে প্রথমেই শিয়ালের সঙ্গে দেখা  
হল। শিয়াল তাকে খেতে চাইল। এরপর দেখা হল বাঘের সঙ্গে।  
বাঘও তাকে খেতে চাইল। তখন বুড়ি বুদ্ধি করে দুজনকেই বলল  
যে আমার গায়ে তো মাংস নেই, আগে নাতনির বাড়ি খেয়ে  
মোটাতাজা হয়ে আসি তারপর তোমরা আমাকে খেও।



নাতনির বাড়ি



বাঘ ও শিয়ালকে বোঝানোর পর বুড়ি লাঠিতে ভর দিয়ে  
নাতনির বাড়ি পৌছালো। নাতনির বাড়িতে মজার মজার খাবার  
খেয়ে বুড়ি মোটাতাজা হলেন। এবার বুড়ি মহাচিন্তায়  
পড়লেন। সব ঘটনা বুড়ি নাতনিকে খুলে বললেন।

❖ মূলশব্দ ব্যাবহার করে ছোট ছোট প্রশ্নের মাধ্যমে গল্লাংশটুকু বর্ণনা করা:

❖ কঠিন শব্দ: কুঁজো, খিদে, মুশকিল, মোটাতাজা, মহাচিন্তা,

❖ একবাক্যের প্রশ্নের উত্তর:

১. বুড়ির কয়টি কুকুর ছিল?

২. বুড়ির কুকুরদের নাম কী?

৩. বুড়ি কোথায় যাচ্ছিলেন?

৪. কুঁজো বুড়ি কাদেরকে বাড়ি পাহারা দিতে বললেন?

৫. বুড়ি কিভাবে মোটা হলেন?

৬. বুড়ি কোথায় যাবেন বলে ঠিক করলেন?

৭. নাতনির বাড়ি যাওয়ার পথে বুড়ির সঙ্গে কাদের দেখা হল?

৮. বড়ির সঙ্গে প্রথমে কার দেখা হল?

৯. শিয়ালের পর কার সঙ্গে দেখা হল?

১০. বাঘ ও শিয়াল কাকে খেতে চাইল?

উত্তর:

১. উত্তরঃ- তিনটি কুকুর।

২. উত্তরঃ- রঙা, বঙা আর ভুতু।

৩. উত্তরঃ- নাতনির বাড়ি।

৪. উত্তরঃ- কুকুর তিনটিকে।

৫.নাতনির বাড়ি মজার মজার খাবার খেয়ে ।

৬.উত্তরঃ- নাতনির বাড়ি ।

৭.উত্তরঃ- শিয়াল আর বাঘের সঙ্গে ।

৮.উত্তরঃ-শিয়ালের সঙ্গে ।

৯.উত্তরঃ- বাঘের সঙ্গে ।

১০.উত্তরঃ- কুঁজো বুড়িকে ।